সুবর্ণ জয়ন্তী
ও
অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪
ফিরে দেখি অনুভবে

অ্যালামনাই এসোসিয়েশন
রসায়ন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অনুষ্ঠানসূচি
১৬ ফেব্রুয়ারি ২০২৪, শুক্রবার

প্রথম পর্ব

উদ্বোধন ও র‍্যালি	:	সকাল ১০:০০ টা
সভাপতি ও অতিথিবৃন্দের আসন গ্রহণ	:	সকাল ১০:৩০ টা
পবিত্র কোরআন তেলাওয়াত	:	সকাল ১০:৩৫ টা
জাতীয় সংগীত	:	সকাল ১০:৪০ টা
অতিথিবৃন্দকে ফুলেল শুভেচ্ছা	:	সকাল ১০:৪৫ টা
সম্পাদকের স্বাগত বক্তব্য	:	সকাল ১০:৫০ টা
সম্মাননা প্রদান	:	সকাল ১০:৫৫ টা
অতিথিবৃন্দের বক্তব্য	:	সকাল ১১:০৫ টা
স্মৃতি চারণ	:	সকাল ১১:৪৫ টা
সভাপতি'র সমাপনী বক্তব্য	:	দুপুর ১২:৫০ টা
জুমআ'র নামাজ বিরতি ও দুপুরের খাবার	:	দুপুর ১২:৫৫ টা

দ্বিতীয় পর্ব

দ্বি-বার্ষিক সম্মেলন	:	বিকেল ৩:০০ টা
সাংস্কৃতিক অনুষ্ঠান	:	বিকেল ৩:৩০ টা

স্থান ঃ রসায়ন বিভাগ প্রাঙ্গণ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রেশন সামগ্রী ও সকালের নাস্তা বিতরণ : সকাল ০৯:০০ টা

সুবর্ণ জয়ন্তী
ও
অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪
ফিরে দেখি অনুভবে

অ্যালামনাই এসোসিয়েশন
রসায়ন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সম্পাদনা কমিটি

আহ্বায়ক
প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান

সদস্য

প্রফেসর ড. নূরুন্নাহার
প্রফেসর ড. নূর উদ্দিন আহমেদ
প্রফেসর এ এইচ আহমেদ নাছের
জনাব মো. মোস্তফা কামাল
মিসেস গোলসান আরা বেগম (জ্যোৎস্না)
প্রফেসর ড. এস এম তারেক আবেদীন
জনাব সৈয়দ আবদাল আহমেদ
মিসেস মাহবুবা খানম
জনাব মো. ফরিদ উদ্দিন

প্রফেসর ড. ইকবাল হায়দার
ডক্টর ফারুক আহম্মদ (শিপন)
অধ্যাপক ড. মো. আব্দুল মোত্তালিব
ড. এস এম আব্দুর রব
জনাব এস এম বশীর উল্লাহ
ড. শাকিলা জেসমিন
ড. সুবাস রাজবংশী
ড. মো. এমদাদ হোসেন
জনাব মো. আব্দুল্লাহ আল মামুন

প্রকাশক

সভাপতি, অ্যালামনাই এসোসিয়েশন, রসায়ন বিভাগ

প্রচ্ছদ পরিকল্পনা

প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান
ড. মো. ইকবাল হায়দার
ডক্টর ফারুক আহম্মদ (শিপন)

মুদ্রণে

ডিএস প্রিন্টিং প্যাকেজিং
৩২৪/ডি নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫

উপাচার্য
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বাণী

আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে রসায়ন বিভাগের সুবর্ণ জয়ন্তী ও অ্যালমনাই পুনর্মিলনী-২০২৪" অনুষ্ঠিত হতে যাচ্ছে। ১৯৭১ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করার এক বছর পর ১৯৭২ সালের জুলাই মাসে রসায়ন বিভাগের কার্যক্রম শুরু হয়। দীর্ঘ পাঁচ দশকের এই পথ পরিক্রমায় প্রতিষ্ঠাকাল থেকে অদ্যাবধি ডিগ্রী প্রাপ্ত অসংখ্য রসায়নবিদ এই অনুষ্ঠানে মিলিত হবার সুযোগ পাবেন। নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি শিক্ষার্থীদের যে সহজাত আবেগ ও অনুভূতি থাকে তার বিকাশ ও সমৃদ্ধির জন্য এই মিলন মেলার ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

প্রতিষ্ঠার সূচনালগ্ন থেকেই রসায়ন বিভাগ তাদের নিজস্ব স্বকীয়তায় উদ্ভাসিত। উচ্চশিক্ষার প্রসার ও মানসম্পন্ন গবেষণার মাধ্যমে এই বিভাগ দেশ-বিদেশে যথেষ্ঠ সুনাম অর্জন করেছে এবং খ্যাতির এই ধারা অব্যহত রেখেছে। এই বিভাগের শিক্ষক-গবেষকগণ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন পদক ও সম্মাননা অর্জন করে আমাদের বিশ্ববিদ্যালয়কে গৌরবান্বিত করেছেন। তাদের সকলের প্রতি রইল আমার প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা। রসায়ন বিভাগ এ পর্যন্ত ১২১ জনকে এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রী প্রদান করেছে এবং এ বিভাগের শতাধিক শিক্ষার্থী উন্নত বিশ্বের বিভিন্ন স্বনামখ্যাত বিশ্ববিদ্যালয় হতে পিএইচ.ডি ডিগ্রী অর্জন করে বিভাগের তথা বিশ্ববিদ্যালয়ের মুখোজ্জ্বল করেছে। তাদের সকলের প্রতি রইল আমার অভিনন্দন। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি এই বিভাগের শিক্ষার্থীগণ তাদের জ্ঞান ও প্রজ্ঞার মাধ্যমে বাংলাদেশের সমৃদ্ধি ও উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।

রসায়ন বিভাগের সকল শিক্ষক, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক অভিনন্দন জানাই এবং অনুষ্ঠানের সার্বিক সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

NAlam

অধ্যাপক মোঃ নূরুল আলম, পিএইচ.ডি
উপাচার্য
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

গেস্ট অব অনার
প্রতিষ্ঠাতা সভাপতি, রসায়ন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বাণী

আজ ১৬ ফেব্রুয়ারি ২০২৪ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের 'সুবর্ণ জয়ন্তী ও অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪' অনুষ্ঠিত হচ্ছে। প্রাণোচ্ছল ও মহতী অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।

রসায়ন বিভাগের শিক্ষক শিক্ষার্থীবৃন্দ নিরলস প্রচেষ্টা ও গবেষনার মাধ্যমে বিভাগ তথা বিশ্ববিদ্যলয়ের মর্যাদা জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে সুপ্রতিষ্ঠিত করেছেন এবং নিজেদের অধিষ্ঠিত করেছেন এক সুউচ্চ আসনে। এ বিভাগের শিক্ষক গবেষকগন তাদের মেধা মনন ও প্রজ্ঞার মাধ্যমে একটি প্রযুক্তি নির্ভর আলোকিত বাংলাদেশ গঠনে দায়িত্বশীল ভুমিকা পালন করবেন বলে আমি আশা করি এবং আন্তর্জাতিক পরিমন্ডলে এ দেশের মর্যাদা বৃদ্ধিতে নিয়োজিত থাকবেন বলে আমি বিশ্বাস করি।

রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীবৃন্দের অ্যালামনাই এসোসিয়েশন ২০০৫ সনে প্রতিষ্ঠিত হওয়ার পর এবার ৬ষ্ঠ বারের মত পুনর্মিলনী উদযাপন করতে যাচ্ছে।

প্রোঢ়ত্বের দুয়ারে পৌছে যাওয়া এ বিভাগের ৫০ বছর পূর্তি ও অ্যালামনাই পুনর্মিলনী এবার বিভাগ এবং অ্যালামনাই এসোসিয়েশন যৌথ উদ্দ্যোগে একই সঙ্গে একই দিনে উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ মহামিলনের মধ্য দিয়ে অপেক্ষাকৃত নবীন রসায়নবিদগণ জ্ঞান ও প্রজ্ঞায় প্রবীন রসায়নবিদগণের সঙ্গে একই সুরে সুর মিলাবে এবং নবীন প্রবীনের আত্বিক ও সামাজিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে বলে আমার প্রত্যাশা।

পরিশেষে রসায়ন বিভাগের প্রাক্তন ও বর্তমান ছাত্র ছাত্রী, কর্মকর্তা-কর্মচারী ও নিবেদিত প্রাণ শিক্ষক শিক্ষার্থীগনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। একই সঙ্গে আজকের এই সুবর্ণ জয়ন্তী ও অ্যালামনাই পুনর্মিলনী ২০২৪ অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

প্রফেসর এম. মাহবুবুল হক

গেস্ট অব অনার
সাবেক উপাচার্য, জাবি
ও
সাবেক সদস্য, পিএসসি

বাণী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছোট্ট পরিসরে প্রতিষ্ঠিত রসায়ন বিভাগ পাঁচ দশক পূর্তিতে আজ বিশাল মহীরুহে পরিণত হয়েছে। এ বিভাগের শিক্ষক শিক্ষার্থীবৃন্দ নিরলস গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের মর্যাদা দেশে বিদেশে জাতীয় এবং আন্তর্জাতিক অঙ্গনে সুপ্রতিষ্ঠিত করেছে, নিজেকে প্রতিষ্ঠিত করেছে এক অনন্য উচ্চতায়। এ বিভাগের শিক্ষক গবেষকগণ মেধা মনন আর প্রজ্ঞার মাধ্যমে প্রযুক্তিনির্ভর ডিজিটাল বাংলাদেশ গঠনে দায়িত্বশীল ভূমিকা পালন করবে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে এ দেশের সুনাম ও মর্যাদা বৃদ্ধিতে নিয়োজিত থাকবে বলে আমি বিশ্বাস করি।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রাক্তন ছাত্র/ছাত্রীদের অ্যালামনাই অ্যাসোসিয়েশন ২০০৫ সালে প্রতিষ্ঠিত হবার পর এবার ৬ষ্ঠ বারের মত পুনর্মিলনী উদযাপন করতে যাচ্ছে। বিভাগের 'সুবর্ণ জয়ন্তী ও অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪' একই সাথে উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এই মহামিলনের মধ্য দিয়ে নবীন রসায়নবিদগণ জ্ঞান ও প্রজ্ঞাদীপ্ত রসায়নবিদগণের সঙ্গে একই সুরে সুর মিলাবে এবং নবীন প্রবীনের আন্ত:সম্পর্ক আরও সুদৃঢ় হবার প্রত্যাশায় আপন আলোয় আলোকিত হবে এ বিভাগ।

রসায়ন বিভাগের সকল প্রাক্তন ও বর্তমান ছাত্র/ছাত্রী, কর্মকর্তা, কর্মচারী ও নিবেদিত প্রাণ শিক্ষকগণকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। একই সাথে রসায়ন বিভাগের ৬ষ্ঠ পুনর্মিলনী ও পাঁচ দশক পূর্তি অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

প্রফেসর ড. শরীফ এনামুল কবির

সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
রসায়ন বিভাগ

বাণী

রসায়ন বিভাগের "সুবর্ণ জয়ন্তী ও অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪" অনুষ্ঠান উপলক্ষ্যে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আপনাদের সকলকে এই স্নিগ্ধ-সবুজ, মনোরম ক্যাম্পাসে অভ্যর্থনা জানাতে পারব জেনে আমিসহ এই বিভাগের সকল শিক্ষক ও ছাত্রছাত্রী অত্যন্ত আনন্দিত। এই সুন্দর ক্যাম্পাসে অ্যালামনাই সদস্য/সদস্যরা তাঁদের জীবনের ৫ থেকে ৭ বছর অতিবাহিত করেছেন এবং সেই সময়টা তাঁদের জীবনের শ্রেষ্ঠ সময় ছিল বলে আমি বিশ্বাস করি। সেই সময়ের বন্ধুদের সাথে পুনরায় দেখা হওয়ার সুযোগ তৈরি করার জন্যই এই আয়োজন। আমি মনে করি এই দিনটি আপনাদের অনেকের নিকটই স্বগৃহে প্রত্যাবর্তনের ন্যায় মনে হবে। দৈনন্দিন জীবনের ভীড় ও কোলাহলমুক্ত পরিবেশে পুরোনো বন্ধুবান্ধব ও নবীন শিক্ষার্থীদের সঙ্গে চমৎকার সময় উপভোগ করবেন বলে ও আমি প্রত্যাশা করি।

এই অনুষ্ঠানের মাধ্যমে আমরা দুটি পৃথক বিষয় সম্মিলিতভাবে উদযাপন করব। একটি হলো এই বিভাগের পঞ্চাশ বছর পূর্তি ও অপরটি এর অ্যালামনাই এসোসিয়েশনের ৫ম পুনর্মিলনী। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার এক বছর পর ১৯৭২ সালে রসায়ন বিভাগ তার যাত্রা শুরু করে, ফলে ২০২২ সালে এই বিভাগের পঞ্চাশ বছর পূর্ণ হয়েছে। কিন্তু নানা কারণে তখন তা উদযাপনের ব্যবস্থা করা যায়নি। কিছুটা বিলম্ব হলেও অনুষ্ঠানটি আমরা উদযাপন করতে যাচ্ছি ভেবে আমি আনন্দিত।

আমরা সকলে জানি যে, একটি কার্যকর অ্যালামনাই এসোসিয়েশন যেকোন বিভাগের জন্য বড় সম্পদ। এটি বিভিন্ন প্রেক্ষিতে বিভাগের শক্তি ও সহায়করূপে কাজ করে। তাই দেশ-বিদেশের প্রায় সকল বিশ্ববিদ্যালয় তথা বিভাগের রয়েছে নিজস্ব অ্যালামনাই এসোসিয়েশন। প্রতিষ্ঠার পর থেকেই আমাদের অ্যালামনাই এসোসিয়েশন বিভাগের শিক্ষা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহনের মাধ্যমে বিভাগের সমৃদ্ধিতে অবদান রেখে চলেছে এবং সময়ের সাথে সাথে এর কর্মযজ্ঞের পরিধি অব্যাহতভাবে বৃদ্ধি পাবে বলে আমি বিশ্বাস করি।

এই অনুষ্ঠান সফল করার জন্য যারা অক্লান্ত পরিশ্রম করেছেন, বিশেষ করে অ্যালামনাই এসোসিয়েশনের কার্যনিবাহী কমিটি, উপদেষ্টামণ্ডলী, সাংগাঠনিক কমিটি, বিভাগের সহকর্মীবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং ছাত্রছাত্রীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সেই সাথে সেসব সংস্থা বিজ্ঞাপন দিয়ে এবং আর্থিক সহায়তা প্রদান করে আমাদের স্যুভেনির প্রকাশে সহযোগীতা করেছেন, তাদের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। সকলের অংশগ্রহণের মধ্য দিয়ে আমাদের বিভাগের "সুবর্ণ জয়ন্তী ও অ্যালমনাই পুনর্মিলনী-২০২৪" অনুষ্ঠান প্রানবন্ত ও সফল হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

পরিশেষে এই মহতী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা রইল।

প্রফেসর ড. মাহবুব কবির

সাধারণ সম্পাদক
অ্যালামনাই এসোসিয়েশন
রসায়ন বিভাগ

বাণী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগে ১৯৭২-১৯৭৩ শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থী ভর্তি শুরু হয়। যাত্রা শুরুর দীর্ঘ পথ অতিক্রম করে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ বিভাগীয় অ্যালামনাই এসোসিয়েশন পালন করছে পাঁচ দশক পূর্তি অনুষ্ঠান। রসায়ন অ্যালামনাই ২০০৫ সালে প্রতিষ্ঠিত হয়ে ২০০৮ সালে উদযাপন করেছিল প্রথম পুনর্মিলনী। এ বছর পালিত হচ্ছে ৬ষ্ঠ পুনর্মিলনী। করোনা মহামারীসহ বিভিন্ন সঙ্গত কারণে বিলম্ব হলেও বিভাগের পাঁচ দশক পূর্তি এবং অ্যালামনাই পুনর্মিলনী-২০২৪ একসঙ্গে উদযাপিত হচ্ছে। ফিরে দেখি অনুভবে আমাদের প্রতিপাদ্য।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠিত বিভাগগুলোর মধ্যে রসায়ন বিভাগ অন্যতম। এ বিভাগের স্বনামধন্য শিক্ষকবৃন্দ এবং মেধাবী শিক্ষার্থীরা তাদের শ্রম ও অধ্যবসায় দিয়ে গবেষণা ও শিক্ষায় অনন্য অবদান রেখে দেশে ও বিদেশে ইতোমধ্যেই প্রশংসিত হয়েছেন। অনন্য সাফল্যের জন্য অনেকে বিরল সম্মাননা ও পদক পেয়ে রসায়ন বিভাগ তথা অত্র বিশ্ববিদ্যালয়ের মুখ উজ্জ্বল করেছেন। সকলের পক্ষ থেকে তাঁদেরকে জানাই আন্তরিক মোবারকবাদ।

সফলতার এ ধারা একবিংশ শতাব্দীতে জ্ঞানভিত্তিক সমাজ, ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গড়ার প্রয়াস কীভাবে অব্যাহত রাখা যায় তার জন্য প্রয়োজন সকলের সঠিক পরামর্শ ও দিক নির্দেশনা। এ বিভাগের অ্যালামনাইগণ তাদের স্ব স্ব ক্ষেত্রের অভিজ্ঞতার আলোকে নিজের শিক্ষাকে দেশ ও সমাজের কল্যাণে ব্যবহার করবেন এবং সুখী সমৃদ্ধ উন্নয়নশীল দেশ গড়ায় অবদান রাখবেন এটি আমাদের প্রত্যাশা। আমি কি পেলাম তার চেয়ে বড় আমি দেশকে কি দিলাম - এই হোক আজকের মিশন।

যারা অ্যালামনাই এসোসিয়েশনের সদস্য হয়েছেন এবং পাঁচ দশক সফলভাবে অতিক্রমের অনুষ্ঠানে যোগদান করে এ আয়াজনকে সফল করছেন তাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ। অনুষ্ঠান সফল করার জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে সব প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গ আর্থিক সহযোগিতা দিয়েছেন তাদেরকে জানাই গভীর কৃতজ্ঞতা। উপদেষ্টা, সাংগঠনিক ও কার্যকরী পরিষদ, উপ-কমিটির আহবায়কসহ বিভিন্ন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ এবং রসায়ন বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ যে অক্লান্ত শ্রম দিয়েছেন তাদেরকে জানাই অসংখ্য ধন্যবাদ। এই মহতি অনুষ্ঠানে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ ও রসায়ন পরিবারের সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা। আমি এ অনুষ্ঠানের সার্বিক সফলতায় সকলের সহযোগীতা প্রত্যাশা করছি।

প্রফেসর ড. ফকির রফিকুল আলম

আহ্বায়ক
প্রচার, প্রকাশনা ও ক্রেস্ট উপ-কমিটি
অ্যালামনাই এসোসিয়েশন
রসায়ন বিভাগ

সম্পাদকীয়

জাহাঙ্গীরনগরের কথা উচ্চারিত হলেই এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে মনের মধ্যে আলাদা একটা অনুভূতি দোলা দিয়ে যায়। একটু বেশী কাছের মনে হয়, ভাবনায় এসে পড়ে অন্যদের থেকে বেশী আপনজন হিসেবে। অন্যদের দৃষ্টি এড়াতে পারেনা জাবিয়ানদের স্বজনপ্রীতি। মুহূর্তের মধ্যে দূরত্ব কমে আন্তরিক সম্বোধন এসে যায় তুমিতে। জানার ইচ্ছে হয় কবে কখন কোথায় কোন বিভাগের শিক্ষার্থী কিংবা শিক্ষক হিসেবে ছিল। কোন হলে থাকত। আর যেন থামতেই চায়না। বাঁধভাঙ্গা উচ্ছ্বাস, নিয়ন্ত্রনহীন আবেগ, অতীত স্মৃতিচারণে মুখরিত হয়ে ভুলে যায় পারিপার্শ্বিকতা। হারিয়ে যায় সেই ফেলে আসা দিনগুলিতে।

সবুজ বনানী ঘেরা ইট রঙের অভিজাত অট্টালিকা দেখলেই যেন অন্যরকম মনেহয় আর এর ভিতর সবসময় বয়ে চলা বসন্ত বাতাস মনপ্রাণ জুড়িয়ে দেয়। গাছের পাতার মর্মর শব্দ যেন কানে কানে জিজ্ঞেস করে বন্ধু কোথায় আছ, কি করছ, ভালো আছতো। হেসে হেসে আরো কত পারিবারিক কুশলাদি জিজ্ঞেস করে। আমার দৃঢ় বিশ্বাস অন্য কোন প্রতিষ্ঠানে এমন অনুভূতি হয়না।

রাঙ্গামাটির ছোট বড় টিলার মধ্যে ছোট ছোট সরোবরে ঝাঁক বেঁধে দলে দলে শীতের পরিযায়ী পাখিরা সুদুর সাইবেরিয়া থেকে কিছুদিনের জন্য বেড়াতে আসে আমাদের জাহাঙ্গীরনগরে। ১৯৭০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের যাত্রারম্ভের পরপরই শুরু হয় একাত্তুরের মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ একঝাঁক তরুন বিজ্ঞানী গবেষক সোনার বাংলা গড়ে তোলার লক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে যোগ দেন। গোটা বিশ্ববিদ্যালয়েরই খুব গরিবি হাল। সদ্য স্বাধীন দেশের বিধ্বস্ত অর্থনীতি তাই দারিদ্রে লজ্জা নেই আছে উত্তরণের অঙ্গিকার। প্রাণ প্রাচুর্যে ভরপুর দীপ্ত পায়ে এগিয়ে যাওয়ার সাহস।

দুটো ছোট্ট একতলা ভবনে রসায়ন বিভাগ। একটি ভবনে দুটো গবেষণাগার সাথে একজন শিক্ষকের জন্য ছোট্ট একটি কক্ষ। আরেকটি ভবনে একটি গবেষণাগার, জনা ত্রিশেক ছাত্রের ধারণ ক্ষমতা বিশিস্ট একটি শ্রেণীকক্ষ। বারেন্দা সংলগ্ন অতি ক্ষুদ্র একটি কক্ষ বিভাগীয় সভাপতির, সাথেই অর্ধেকটা অফিসকক্ষ হিসেবে ব্যবহৃত। পাশেই একটি ছোট রুমে স্যাররা বসতেন টেবিল ভাগাভাগি করে। বসার জায়গা নেই তাতে কি দাড়ানোর জায়গাতো আছে। তার মধ্যেই স্যারদের হাসি আনন্দ আর ক্লাস নেওয়ার সে কি ব্যস্ততা।

রসায়ন বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন প্রফেসর ড. এম. মাহবুবুল হক সঙ্গী ছিলেন পাঁচজন শিক্ষক। প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ ও প্রফেসর ড. ফরিদা আখতার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছেড়ে নবীন এই বিশ্ববিদ্যালয়ে রসায়ন বিভাগের হাল ধরেন। সন্তান বাৎসল্য দিয়ে একজন জৈব রসায়ন আরেকজন ভৌত রসায়ন পড়িয়েছেন। এজন্য অনেকেই এ বিভাগকে পিতা মাতার বিভাগও বলতেন। অজৈব রসায়নে যোগদান করেন প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ। রসায়নে এ তিনটি শাখা নিয়েই এর বিস্তৃতি শুরু হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য ছিলেন প্রথিতযশা বিজ্ঞানী ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মফিজ উদ্দীন আহমেদ।

১৯৭২ সালের নভেম্বর মাসে রসায়ন সম্মান প্রথম বর্ষে ভর্তি কার্যক্রম শুরু হয়। প্রথম ব্যাচে ৪১ জন ছাত্র এবং ২ জন ছাত্রী ভর্তি হয়। যদিও তাঁদের সবাই শেষ অবধি টিকে থাকেনি। ১৯৭৫ সালে প্রথম এম এসসি ক্লাস শুরু হয়।

আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় রসায়ন বিভাগের দলের অধিনায়ক প্রফেসর মেসবাহউদ্দিন আহমেদ ওয়ান ডে ক্রিকেটের সাদা পোষাকে ব্যাট হাতে মাঠে প্রবেশ করছেন। আমাদের চোখ ছানাবড়া, কল্পনা করা যায়! আমরা শুধু মাঠের বাইরে থেকে বল কুড়িয়ে ফেরত পাঠাতে দৌড়াদৌড়ি আর হাত তালি দিতেই ব্যস্ত। স্যার তাঁর দলকে বোঝাচ্ছেন ক্রিকেট ঠান্ডা মাথার খেলা। ক্রিকেট কৌশলের খেলা, ক্রিজে টিকে থাকার খেলা। প্রফেসর ফরিদা আখতার মায়ের মত খেলার মাঠে ছেড়ে দিয়েও সন্তানের উপর যেমন নজর রাখেন তেমনি তিনি আমাদের উৎসাহিত করেছেন অন্য বিভাগের সাথে প্রতিযোগিতা করতে হবেতো।

প্রফেসর সৈয়দ সফিউল্লাহ সব সময় তির্যক ভাষায় বলতেন- খালি পড়াশুনা করনাতো, বাইরে তাকিয়ে দেখ। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ক্লাবের উপদেষ্টা ছিলেন। বিজ্ঞান ক্লাবকে স্যাটেলাইট উৎক্ষেপণের প্রোজেক্ট হাতে নিতে বললেন। আমরা বললাম ছেড়া কাথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখা যায় স্যার। তিনি বলেছিলেন আকাশ ছোঁয়ার স্বপ্নইতো দেখতে হয়। তিনি সুবক্তা এবং সুলেখক ছিলেন। বলতেন আজ যে চারাগাছটি রোপন করে গেলাম তা একদিন মহীরুহে পরিণত হয়ে ক্যাম্পাসকে ছায়াসুশীতল রাখবে।

স্যারদের সে আশা পূর্ণ হয়েছে, আজ রসায়ন বিভাগের চৌত্রিশ জন শিক্ষকই এই বিভাগেরই ছাত্র। প্রফেসর শরীফ এনামুল কবির প্রথম এ বিভাগের শিক্ষক যিনি এই বিশ্ববিদ্যালয়েরই উপাচার্য হয়েছিলেন। মনেপ্রাণে তিনি একজন গবেষক, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশ্বমানের বিজ্ঞানী এবং ভাল সংগঠক। ২০০৫ সালে প্রফেসর ড মোঃ ইলিয়াস মোল্যা রসায়ন বিভাগ অ্যালামনাই গঠনের উদ্যোগ গ্রহণ করেন এবং প্রফেসর শরীফ এনামুল কবির উদ্যোগটিকে সুসংগঠিত করেন।

বিভাগের সক্রিয় উদ্যোগে ও অংশগ্রহণে ২০০৮ সালে প্রথম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। স্মরণিকা প্রকাশের সময় অ্যালামনাইয়ের আদর্শ উদ্যেশ্য প্রকাশের জন্য ডক্টর ফারুক আহমদ শিপনের প্রস্তাবিত ফিরে দেখি অনুভবে শ্লোগানটি সবার মনপুত হয়। সেই থেকে ফিরে দেখি অনুভবের ব্রত নিয়ে প্রতি দু'বছর পরপর অ্যালামনাই পুনর্মিলনী উদযাপন করে আসছে। করোনা এবং অন্যান্য কিছু অসুবিধার কারণে পুনর্মিলনীর ধারাবাহিকতায় ছেদ পড়ে। এ বছর বিভাগের পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তী পালিত হতে যাচ্ছে।

সময় সল্পতার জন্য এবারেও মনের মত করে ফিরে দেখি অনুভবে সাজানো হলোনা। ভবিষ্যতে হবে আশা করি। অনিচ্ছাকৃত ত্রুটি বিচ্যুতি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন বলে আমাদের বিশ্বাস।

ফিরে দেখি অনুভবে চিরজাগরুক থাক আমাদের সবার মনে, সকলের অনুভূতিতে।

প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান

রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত ৫ শিক্ষককে সম্মাননা, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক সাবেক উপাচার্য অধ্যাপক ড. জসীম উদ্দিন আহমদ, অধ্যাপক ড. কাজী আলী আজম, অধ্যাপক ড. মো. আবদুল হাই, অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম এবং অধ্যাপক ড. মো. আবুল হাশেম-কে সম্মাননা প্রদান করা হয়।

রসায়ন বিভাগের সুবর্ণ জয়ন্তী

প্রফেসর ড. মাহবুব কবির*

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ আমাদের গর্বের আমাদের গৌরবের। পাকিস্তানের ইসলামাবাদ বিশ্ববিদ্যালয়ের আদলে তৎকালীন পূর্ব পাকিস্তানে ঢাকার অদূরে একটি বিশ্ববিদ্যালয় গড়ে তোলার সিদ্ধান্ত নেয়া হয় সত্তর দশকের কিছু আগে যেখানে শুধু স্নাতক (সম্মান) ক্লাসে শিক্ষার্থী ভর্তি হবে এবং এরাই শুধু স্নাতকোত্তর ডিগ্রী শেষ করবে। উক্ত বিশ্ববিদ্যালয়ে উচ্চতর ডিগ্রী এমফিল ও পিএইচডি করারও সুযোগ থাকবে। বিশ্ববিদ্যালয়টি হবে সম্পূর্ণ আবাসিক, শহরের কোলাহল ও রাজনীতিমুক্ত একটি সুন্দর ক্যাম্পাস, যেখানে গবেষণা ও নির্ভেজাল জ্ঞানার্জন হবে মুখ্য বিষয়। এ লক্ষ্য সামনে রেখে সর্বশেষ জাহাঙ্গীরনগর মুসলিম বিশ্ববিদ্যালয় নামে চূড়ান্তভাবে ভিত রচিত হয় সাভারে ৭৫০ একর জমির উপর, বর্তমান অবস্থানে ১৯৭০ সালে। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে চারটি বিভাগ নিয়ে এর যাত্রা শুরু। পরবর্তীতে যে কটি বিভাগ খোলার সিদ্ধান্ত নেয়া হয় তাদের অন্যতম ছিল রসায়ন বিভাগ ও পদার্থ বিজ্ঞান বিভাগ। নতুন বিভাগের (রসায়ন) প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে প্রফেসর ড. এম. মাহবুবুল হক ১৯৭১ সালের ৩১ জানুয়ারি যোগদান করেন। এরপর বিভাগে যোগ দেন অপর অভিজ্ঞ শিক্ষক প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ ও প্রফেসর ড. ফরিদা আখতার ১৯৭২ সালের ৮ সেপ্টেম্বর। তাঁরা উভয়ই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নব প্রতিষ্ঠিত রসায়ন বিভাগের অভিজ্ঞতা এখানে আরও সুন্দরভাবে কাজে লাগানোর সুযোগ পান। ইতোমধ্যে নবীন শিক্ষক জনাব মোঃ ইউসুফ আলী মোল্লা (ভৌত রসায়ন) ও জনাব কাজী আলী আজম (অজৈব রসায়ন) এ বিভাগে যোগদান করেন। প্রায় একই সময়ে সদ্য বিলাত ফেরত ড. সৈয়দ সফিউল্লাহ (অজৈব রসায়ন) এ বিভাগে যোগদান করেন। সুতরাং বিভাগে ছাত্র/ছাত্রী ভর্তির আগে ৬ জন প্রবীন ও নবীন শিক্ষক নিয়ে এ বিভাগের ভিত সুদৃঢ়ভাবে রচিত হয়।

বর্তমানে রসায়ন বিভাগের চারতলা সুরম্য অট্টালিকা, তলায় তলায় পরীক্ষাগার, পঁচিশ জন শিক্ষকের জন্য আলাদা আলাদা বসার ঘর, সুবৃহৎ স্টোর রুম এবং দু শতাধিক ছাত্রছাত্রীর চঞ্চল পদচারনা দেখে ১৯৭২-র বিভাগের অবস্থা কল্পনা করা যায় না। শুরুতে এ বিভাগ, বিশ্ববিদ্যালয় এলাকার পুরানো ক্যাম্পাসের প্রায় মাঝামাঝি অঞ্চলের পূর্ব প্রান্তে পুরাতন কলা ভবনের পাশে একটি ছোট একতলা টিনশেড ছিল তৎকালীন রসায়ন বিভাগ। বিভাগীয় প্রধানের এক চিলতে অফিস কক্ষ, পাঁচজন শিক্ষকের জন্য আনুমানিক ২০×১০ আয়তনের একটি বসার ঘর, ছোট একটি স্টোর রুম, একটি ক্লাশরুম ও পরীক্ষাগারের জন্য একটি রুমের সংকুলান করা হয়েছিল এ ভবনটিতে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে কাজ করার পরিবেশ ছিল চমৎকার। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ব্যাচে চল্লিশ জনের মত শিক্ষার্থী ভর্তি করা হয়েছিল। এদের মধ্যে দুজন ছিল ছাত্রী। রসায়ন বিভাগের প্রথম ব্যাচে যারা ভর্তি হয়েছিল তাদের প্রায় সবাই ছিল প্রচন্ড উৎসাহী। পড়াশুনায় যেমন ছিল যত্নশীল, বিভাগের সব কাজেই তেমনি ছিল সহযোগী যোদ্ধা। শিক্ষার্থীদের একটি সুন্দর ভবিষ্যৎ গড়ে দেয়ার জন্য শিক্ষকবৃন্দ ছিলেন আন্তরিক। শিক্ষার্থী সংখ্যা কম হওয়াতে তাদের সঙ্গে বিভাগের সম্পর্ক ছিল অত্যন্ত ঘনিষ্ঠ। ক্লাসের বাইরে, খেলার মাঠে, বিভাগের এবং বিশ্ববিদ্যালয়ের সব অনুষ্ঠানে তাদের সরব উপস্থিতি সবারই দৃষ্টি আকর্ষন করত। এ ব্যাচের অনেকেই পেশাজীবনে সুপ্রতিষ্ঠিত। এদের কয়েকজনই পরবর্তী সময়ে এ বিভাগের শিক্ষক হিসেবে যোগদান করেছিলেন। এরা হলেন ড. আবুল বাশার কাজী, ড. ইখতিয়ার আহমেদ এবং ড. আবু সিদ্দিক মিঞা। প্রফেসর ড. এম এস বদিয়ার রহমান এ বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও আণবিক জীববিজ্ঞান বিভাগের অধ্যাপনা শেষে অবসর গ্রহণ করেছেন।

অধ্যাপক ড. শরীফ এনামুল কবির দ্বিতীয় ব্যাচের ছাত্র যিনি গবেষণার ক্ষেত্রে নিজেকে আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠিত করেছেন। তিনি বাংলাদেশ একাডেমী অব সায়েন্সের একজন ফেলো নির্বাচিত হয়েছেন এবং একাডেমীর স্বর্ণপদকে ভূষিত হয়েছেন। তাঁর তত্ত্বাবধানে উল্লেখযোগ্য সংখ্যক গবেষক এম.ফিল ও পিএইচ.ডি ডিগ্রী সম্পন্ন করেছেন। ড. শরীফ এনামুল কবির বিভাগের শিক্ষক হিসেবে যোগদানের পর ১৬/০১/২০০৭ হতে ২৪/০২/২০০৯ মেয়াদকালে বিভাগের সভাপতির দায়িত্ব পালন করেন

* সভাপতি, রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

এবং পরবর্তীতে উপাচার্য হিসেবে নিয়োজিত হন। প্রফেসর ড. শরীফ এনামুল কবির এ বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য যিনি এ বিশ্ববিদ্যালয়ের তথা রসায়ন বিভাগের ছাত্র ছিলেন। উপাচার্যকালীন সময়ে তাঁর ঐকান্তিক চেষ্টায় রসায়ন ও বিজ্ঞান গবেষণাকে ত্বরান্বিত করার লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়া এর নামে 'ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র' প্রতিষ্ঠিত হয়। রসায়ন বিভাগের ছাত্র হিসেবে তিনি আমাদের অহংকার। একই ব্যাচের অন্যজন হলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. শাহজাহান কবীর। শিক্ষক ও গবেষক হিসেবে দেশে ও বিদেশে তার পরিচিতি রয়েছে। অধ্যাপক ড. মোঃ আলাউদ্দীন, অধ্যাপক ড. মোঃ ইলিয়াস মোল্লা, ড. খায়রুজ্জামান বাশার মোল্লা, অধ্যাপক ড. রেজাউল করিম তৃতীয় ব্যাচের ছাত্র ছিলেন। অধ্যাপক ড. মোঃ আলাউদ্দীন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করার পর মওলানা ভাসানি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োজিত হন। অধ্যাপক ড. ইলিয়াস মোল্লা এ বিভাগেই অধ্যাপনা শেষে অবসর গ্রহণ করেছেন। বর্তমানে বিভাগের সকল শিক্ষকই এ বিভাগেরই ছাত্র। পঞ্চাশ বছরে রসায়ন বিভাগের এটি বিশাল অর্জন।

এ বিভাগের অনেক কৃতি শিক্ষার্থী বিদেশের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠান থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন এবং শিক্ষকতা করছেন। দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করছেন। অনেকেই ব্যবসা বানিজ্য করছেন এবং সফল উদ্যোক্তা হয়েছেন।

নবীন বিভাগ হলেও শুরুর দিকে ব্যবহারিক ক্লাসের জন্য যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদির কোন কমতি ছিল না। নূতন রাষ্ট্র বাংলাদেশের সঙ্গে সম্প্রীতির নিদর্শন হিসেবে অনেক কম খরচে পোল্যান্ড এবং চেকোশ্লাভিকিয়া থেকে বেশ কিছু যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছিল। চীন থেকে সংগ্রহ করা হয়েছিল হরেক রকমের কাঁচের যন্ত্রপাতি। World University Services (WUS)-র সৌজন্যে পাওয়া গিয়েছিল বিনে পয়সায় অনেক ব্যবহৃত যন্ত্রপাতি। এগুলোর বেশ কিছু এখনো অব্যবহৃত অবস্থায় স্টোরে ধুলো মাখা স্মৃতি হিসেবে পাওয়া যেতে পারে। UNESCO এর বদৌলতে Journal of the American Chemical Society, Chemical Abstract, Journal of Organic Chemistry, Journal of Physical Chemistry, Chemical Physics বছরের Back issues বিনে পয়সায় দান হিসেবে পাওয়া গিয়েছিল। এগুলো কেন্দ্রীয় লাইব্রেরীতে সংরক্ষিত আছে। Journal of the Chemical Society এর Back issues গুলোর দুটি কপি পাওয়া গিয়েছিল যার এক কপি বিভাগের সেমিনারে সংরক্ষিত আছে। Asia Foundation এর পক্ষ থেকে রসায়নের বেশ কিছু মূল্যবান পুস্তক সংগ্রহ করা হয়েছিল। এভাবে রসায়ন বিভাগের পরীক্ষাগার এবং গ্রন্থাগার কালক্রমে সমৃদ্ধ করা হয়েছিল।

তখনকার দিনে শুধু বিভাগীয় শিক্ষকদের মধ্যে নয় অন্য বিভাগগুলোর মধ্যেও সম্পর্ক সৌহার্দপূর্ণ ছিল। বিভাগগুলোর জন্য উন্নয়ন খাতে যে অঙ্কের টাকা বরাদ্দ দেয়া হত তা মূল্যবান কোন গবেষণার যন্ত্র কেনার জন্য যথেষ্ঠ ছিল না। যেমনটি একবার রসায়ন বিভাগের জন্য একটি IR Spectrophotometer কেনা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়ে কিন্তু বাজেট বরাদ্দের টাকা দিয়ে এটা কেনা সম্ভব নয়। ওদিকে পদার্থ বিজ্ঞান বিভাগের গবেষণার জন্য একটি X-ray Diffractometer কেনা আবশ্যক। তাদের জন্য বরাদ্দকৃত টাকা দিয়ে এ যন্ত্রটি কেনা সম্ভব হচ্ছিল না। তখন রসায়ন বিভাগ তার বরাদ্দের টাকা পদার্থ বিজ্ঞান বিভাগকে X-ray Diffractometer কিনতে এবং পরের বছর অনুরূপভাবে পদার্থ বিজ্ঞান বিভাগ তাদের বরাদ্দকৃত টাকা দিয়ে রসায়ন বিভাগের জন্য Beckman এর তৈরি একটি IR Spectrophotometer কিনতে সহায়তা করেছিল। যন্ত্রগুলো উভয় বিভাগের জন্য সংগৃহীত প্রথম মূল্যবান ইকুইপমেন্ট ছিল। আন্তঃ বিভাগ সম্প্রীতির এটি একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত।

সময়ের সঙ্গে সঙ্গে স্বাভাবিকভাবেই বিভাগের কলেবর বৃদ্ধি হয়েছে। প্রতিষ্ঠার দুই বছরের মধ্যেই রসায়ন বিভাগের দক্ষিণদিকে একটি দুমুখো একতলা ভবনের এক মুখে আমাদের বিভাগ সম্প্রসারিত হলো। এ ভবনগুলো বর্তমানে জীব বিজ্ঞান অনুষদের বিভাগগুলোর কার্যক্রম চলছে। এদিকে রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিভাগের জন্য মূল ভবনের নক্সা তৈরি হচ্ছিল। বর্তমান ভবনে বিভাগ স্থানান্তরিত হয় ১৯৮২ সালে। তখন বিভাগীয় সভাপতি ছিলেন প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ দেশের রসায়ন শিক্ষায় বিভিন্ন ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এ বিভাগই রসায়নের পাঠক্রমে দেশে সর্বপ্রথম Analytical Chemistry, Biochemistry, Biophysical Chemistry, Environmental Chemistry, Organometallic Chemistry এবং Supramolecular Chemistry কোর্স প্রবর্তন করেছে।

গবেষণার ক্ষেত্রে এ বিভাগের কৃতিত্বও উল্লেখযোগ্য। দেশে প্রকাশিত রসায়ন বিষয়ক জার্ণালের সূচীপত্র দেখলেই তা স্পষ্ট হবে। বিভিন্ন কনফারেন্সে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের গবেষণাপত্রগুলো সবার জন্য ঈর্ষণীয়। এর মূলে রয়েছে বিভাগীয় শিক্ষকদের ঐকান্তিক চেষ্টা ও গবেষণার প্রতি প্রবল অনুরাগ। গবেষণা ব্যতিরেকে মনন ও চিন্তাশক্তির উৎকর্ষসাধন সম্ভব নয়। গবেষণা কার্যক্রমই পারে একটি বিভাগকে উন্নত পর্যায়ে নিয়ে যেতে। এ বিশ্বাসে ব্রতী হয়ে শিক্ষকেরা বিভাগের প্রায় জন্মলগ্ন থেকে গবেষণা কাজ পরিচালনা করে যাচ্ছেন। রসায়নের সব শাখাতেই উঁচুমানের গবেষণা পরিচালিত হচ্ছে। এ বিভাগ থেকে প্রকাশিত গবেষণা প্রবন্ধের সংখ্যার মূল্যায়নের প্রেক্ষিতেই বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বর্তমান IR Spectrophotometer টি কেনার জন্য বিশেষ অনুদান দিয়েছিল।

গবেষণা ও শিক্ষায় অবদানের স্বীকৃতিস্বরূপ এ বিভাগের নিম্নবর্ণিত শিক্ষকগণ স্বর্ণপদক পেয়েছেন ঃ

প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ ঃ বাংলাদেশ একাডেমি অব সায়েন্স এবং থার্ড ওয়ার্ল্ড একাডেমী অব সায়েন্স স্বর্ণদপক (১৯৮৬)
প্রফেসর ড. মোঃ ইলিয়াস মোল্লা : এইচপি রয় স্বর্ণপদক (১৯৮৭)।

প্রফেসর ড. শরীফ এনামুল কবির ঃ বাংলাদেশ মঞ্জুরী কমিশন (১৯৯১), বাংলাদেশ একাডেমি অব সায়েন্স স্বর্ণপদক (১৯৯৭)
প্রফেসর ড. জসীম উদ্দিন আহমদ : একুশে পদক (২০০৬)।

প্রফেসর ড. তপন কুমার সাহা ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন পদক (২০১৩)।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ শুরু থেকেই কোর্স পদ্ধতির মাধ্যমে পাঠ দান করে আসছে। তাত্ত্বিক ও ব্যবহারিক কোর্সের পাশাপাশি সমন্বিত কোর্স হিসেবে গণিত, পদার্থ বিজ্ঞান এখানে পড়ান হয়। সর্বদা যুগোপযোগী পাঠ্যক্রম চালু রাখা হয়েছে। তাই ভৌত, অজৈব ও জৈব রসায়নের মূল কোর্সসহ ১ম বর্ষে ইংরেজী; ১ম-৩য় বর্ষ পর্যন্ত কম্পিউটার কোর্স এবং বিশ্লেষণীয় রসায়ন, নিউক্লিয়ার রসায়ন, পরিবেশ বিজ্ঞান, ফলিত রসায়ন, বর্ণালীমিতি, বায়োকেমেষ্ট্রি ইত্যাদি কোর্সের পাশাপাশি ভৌত, অজৈব ও জৈব শাখায় একাধিক আধুনিক কোর্স সিলেবাসে অন্তর্ভূক্ত করা হয়েছে। সম্প্রতি অনার্স পর্যায়ে ফার্মাসিউটিক্যালস কেমিস্ট্রি অন্তর্ভূক্ত করা হয়েছে। তাছাড়া সুগন্ধি রসায়ন ও এগ্রোকেমিক্যালস, খাদ্য রসায়ন ইত্যাদি ঐচ্ছিক কোর্সতো আছেই। ৪র্থ বর্ষে এক মাসের জন্য শিল্প কারখানা ও গবেষণা প্রতিষ্ঠানে ট্রেনিং করে বিভাগে সেমিনার দিতে হয়। এ বিভাগ চালুর প্রথম থেকেই থিসিস ও নন- থিসিস গ্রুপ চালু রয়েছে। বর্তমানে একজন ছাত্রকে চার বছরে অনার্স ডিগ্রীর জন্য মোট ১৩৬ ক্রেডিট, ৩৪ ইউনিট করতে হয়। যার মোট নম্বর ৩৪০০ ।

এম এস কোর্সে তিনটি শাখা রয়েছে। এগুলো হচ্ছে ভৌত, অজৈব ও জৈব। যে ছাত্রটি যে শাখায় বিশেষজ্ঞ হতে চায় তাকে ঐ শাখা হতে ২টি এবং অপর ২টি শাখা হতে ১টি করে মোট ৪টি ইউনিট তাত্ত্বিক কোর্স এবং ২ ইউনিট ব্যবহারিক ও ১ ইউনিট মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হয়। তবে থিসিস গ্রুপের ছাত্রকে ব্যবহারিক কোর্সের পরিবর্তে ২ ইউনিট থিসিস করতে হয় এবং ১/২ ইউনিট মৌখিক পরীক্ষা দিতে হয়। অনার্স শেষে থিসিস গ্রুপে যাবার জন্য অনার্স পরীক্ষায় ৫৫% নম্বর প্রাপ্তি যোগ্যতা হিসেবে নির্ধারণ করা হয়েছে।

রসায়ন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চালু হওয়ার পর থেকেই উন্নততর গবেষণা কার্যক্রম পরিচালনা করে দেশে ও বিদেশে সুনাম অর্জন করেছে। গবেষণার জন্য এ বিভাগকে এদেশের অন্যতম রসায়ন বিভাগ হিসেবে গণ্য করা হয়। বিভাগে গবেষণা করার জন্য যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো দরকার তার সবকিছু না থাকলেও শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টায় বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা প্রকল্প চালু থাকায় এখানে উন্নত মানের গবেষণা পরিচালনা সম্ভব হয়েছে। বিশেষ করে বর্ণালীমিতিক বিশ্লেষণ ও এক্সরে বিশ্লেষণের কথা উল্লেখযোগ্য। যে সব দেশের সাথে এ বিভাগের যৌথ গবেষণা পরিচালিত হয় তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, জার্মানী, সুইডেন, অস্ট্রিয়া, জাপান ও ভারত। এ বিভাগের শিক্ষকরা পিএইচ.ডি ও পোষ্ট-ডক্টোরাল গবেষণা করতে যেয়ে এ সব দেশের সাথে সব সময় যোগাযোগ রক্ষা করে গবেষণার মান ধরে রেখেছেন।

University College London এর Prof. A. J. Deeming এর সাথে প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ, প্রফেসর ড. কাজী আলী আজম, প্রফেসর ড. শরীফ এনামুল কবির এবং প্রফেসর ড. মোঃ মনজুরুল করিম এর যৌথ গবেষণা কার্যক্রম ছিল । প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ এর সাথে জাপানের Dr. T. Ishizuka এর গুরুত্বপূর্ণ যৌথ গবেষণা কার্যক্রম অব্যাহত ছিল।

প্রফেসর ড. কালিপদ কুণ্ডুর সাথে যৌথ গবেষণা কার্যক্রম ছিল ব্রিটেনের Dr. Colin Eaboron, ভারতের Prof. B. L. Khandelwal এবং জামার্নীর Prof. H. G. Alt এর সঙ্গে।

প্রফেসর ড. আবুল হাসেম জার্মানীর Prof. Ludger Wessjohann এবং তাইওয়ানের Prof. Tahsin J. Cho সহ আরও কয়েকজন গবেষকের সঙ্গে যৌথ গবেষণা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।

প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম জার্মানীর Prof. Helmut Duddeck, জাপানের Prof. Kotzuki, Dr. Nagamatsu সহ ব্রিটেন ও জাপানের আরও কয়েকজন অধ্যাপকের সাথে যৌথ গবেষণা কার্যক্রম অব্যাহত রেখেছেন।

প্রফেসর ড. জসীম উদ্দিন আহমদ জার্মানীর Prof. W. L. Filho এবং আমেরিকার Prof. G. R. Carmichieal সহ কানাডা ও চীনের কয়েকজন গবেষকের সাথে যৌথ গবেষণা কার্যক্রম রয়েছে ।

প্রফেসর ড. শরীফ এনামুল কবির সুইডেনের Porf. Ebbe Nordlander, Lund University, University College London এর Prof. Derek Tocher, Prof. Graeme Hogarth এবং আমেরিকার, Prof. Edward Rosenburg, Prof. Kenneth Hardcastle, Prof. Dennis W. Bennet সহ আরও অনেক দেশের গবেষকদের সাথে যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা করছেন।

প্রফেসর ড. মোঃ ইলিয়াস মোল্লা এর সাথে জার্মানীর Prof. Bernd Wrackmeyer, প্রফেসর ড. মোঃ মনজুরুল করিম এর সাথে জার্মানীর Porf. H. G. Alt, প্রফেসর মোঃ নূরুল আবছার এর সাথে জার্মানীর Prof, Richard W Mc Cabe প্রফেসর ড. মোঃ এনামউল্যা এর সাথে অষ্টিয়া Prof. Wolfgang Linert, জার্মানীর Prof. Christoph Janiak, প্রফেসর ড. মোঃ আরজু মিয়ার সাথে দক্ষিণ কোরিয়ার Prof. John T. Park, প্রফেসর ড. নুরুন্নাহার এর সাথে Prof. Tabata এবং প্রফেসর ড. কৌশিক সাহার সাথে Prof. Nordin H. Lajis এর যৌথ কার্যক্রম রয়েছে।

বাংলাদেশ পারমাণবিক শক্তি কেন্দ্র, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর ল্যাবরেটরী, ঢাকা; গণস্বাস্থ্য অ্যান্টিবায়োটিকস, সুপ্রিম ফার্মাসিউটিক্যালস প্রভৃতি দেশীয় প্রতিষ্ঠানের সাথে বিভাগীয় যৌথ গবেষণা কর্ম পরিচালিত হয়েছে এবং হচ্ছে।

এ বিভাগের গবেষণা মূলতঃ চারটি শাখায় হয়ে থাকে - ভৌত, অজৈব, জৈব ও পরিবেশ বিজ্ঞান ।

ভৌত শাখা ঃ এ শাখায় গবেষণার সূত্রপাত হয় মূলতঃ প্রফেসর ড. ফরিদা আখতারের নেতৃত্বে। তাঁর উল্লেখযোগ্য গবেষণার বিষয় হলো ঃ ফিজিকো-কেমিক্যাল নিরীক্ষার মাধ্যমে ধাতুর সাথে শিফ্ বেস যৌগের সন্নিবেশ, ড্রাগ-ড্রাগ মিথষ্ক্রিয়া, দ্রব-দ্রাবক মিথষ্ক্রিয়া, বায়োপলিমারের ওপর ড্রাগ অধিশোষণ এবং ড্রাগ-সারফেক্টান্ট মিথষ্ক্রিয়া। এসব বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষকগণ হলেন প্রফেসর ড. ফরিদা আখতার, প্রফেসর ড. মাহমুদা গণি আহমেদ, প্রফেসর ড. ডি এম শফিকুল ইসলাম, প্রফেসর ড. তপন কুমার সাহা, প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল্লাহ খান। প্রফেসর ড. মাহবুব কবির এর গবেষণার বিষয় Chemical kinetics, atmospheric chemistry, Collisional behaviour of electronacally excited Group IV Atoms ইত্যাদি। প্রফেসর ড. মোঃ এনামউল্যা ভৌত রসায়ন গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন এবং তাঁর গবেষণার বিষয় 'Complexation reactions in solution and spin-crossover behaviours, Chiral schiff bases/-amino acids/-amino alcohols, complexes with Rh (I)/Cu(II), Crystal structure and catalytic behaviours'। প্রফেসর ড. তপন কুমার সাহা ভৌত রসায়ন গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন এবং তাঁর গবেষণার বিষয়বস্তু পলিমার ম্যাট্রিক্স এর উপস্থিতিতে ড্রাগ/ডাই ডিগ্রেডেশন ও তার বিশ্লেষণ। ভৌত শাখায় গবেষণার ক্ষেত্রে প্রফেসর ড. নুরুন্নাহার, প্রফেসর ড. সুবর্না কর্মকার, প্রফেসর ড. মোঃ এনামুল হক, প্রফেসর ড. মোঃ মিনারুল ইসলাম, এবং প্রফেসর ড. শাহেদ রানা বিশেষ অবদান রেখেছেন। প্রফেসর ড. মোঃ এনামুল হক প্রকাশিত (প্রবন্ধের সংখ্যা ১৭৭) গবেষণা প্রবন্ধের উপর ভিত্তি করে ২০২৩ সালে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ে শীর্ষ ২% গবেষকের তালিকায় অন্তর্ভক্ত হন। তার গবেষণার বিষয় 'interactions of drug, polymers and Biomolecules with Surfactants'।

অজৈব শাখা ঃ এ শাখায় গবেষণা শুরু হয় প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ এর মাধ্যমে। প্রথমদিকে তিনি অরগানোমেটালিকস নিয়ে কাজ শুরু করে তাঁর গবেষণার পরিধি নানান দিকে বিস্তৃত করেন। যেমন- Reactions of coordinated ligands, trapping of transient organic species, first row metal clusters, synthesis of cycloketones using organometallic precursors ইত্যাদি। তাঁর গবেষণা গ্রুপ পরিবেশ সংক্রান্ত একাধিক বিষয়ে আন্তর্জাতিক গবেষণা গ্রুপের সাথে গবেষণা পরিচালনা করেন। এদের মধ্যে উল্লেখযোগ্য

(i) অজৈব শাখায় প্রফেসর কাজী আলী আজম বিষমচাক্রিক N ও S পরমাণু সমৃদ্ধ যৌগকে লিগান্ড হিসেবে ব্যবহার করে Os, Ru, Mn ও Re cluster তৈরি করেন এবং তাদের আণবিক গঠন ও গুণাগুণ নিয়ে কাজ করেন।

এ শাখায় প্রফেসর ড. শরীফ এনামুল কবির যার গবেষণায় হাতেখড়ি প্রফেসর ড. সফিউল্লাহ মাধ্যমে। তিনি তার উল্লেখযোগ্য কাজের জন্য একাধিক জাতীয় ও আন্তর্জাতিক স্বীকৃতি ও স্বর্ণ পদক পেয়ে এ বিভাগের মুখ উজ্জ্বল করেছেন। সম্ভবত প্রফেসর ড. শরীফ এনামুল কবির সর্বোচ্চ গবেষণা প্রবন্ধের অধিকারী রসায়নবিদ। তাঁর গবেষণার বিষয় Cluster and Organometallic Chemistry। এদের মধ্যে ছোট জৈব অণুর C-H, P–H, N–H ও I S–H সক্রিয়করণ এবং ধাতুর সাথে cluster তৈরি ইত্যাদি। তাঁর গবেষণা গ্রুপ হতে একাধিক এমএসসি/এমফিল ও পিএইচডি ডিগ্রীধারী বের হয়েছেন। বহু গবেষক তাঁর তত্ত্বাবধানে বর্তমানে কাজ করছেন। রসায়ন বিষয়ে উল্লেখযোগ্য অবদানের জন্য তিনি BAS, Bangladesh Chemical Society এবং Royal Society of Chemistry এর Fellow নির্বাচিত হন। এছাড়াও অর্গানোমেটালিক রসায়নে তার বিশেষ অবদানের জন্য ELSEVIER হতে প্রকাশিত Journal of Organometallic Chemistry এবং Bangladesh Chemical Society হতে প্রকাশিত The Journal of Bangladesh Chemical Society চাকুরি হতে তাঁর অবসর গ্রহণকে কেন্দ্র করে বিশেষ সৌজন্য সংখ্যা প্রকাশ করে।

প্রফেসর ড. কালিপদ কুণ্ডু অজৈব শাখায় টেলুরিয়ামসহ একাধিক অবস্থান্তর ধাতুর ও প্যালাডিয়াম ধাতুর জটিল যৌগ সংশ্লেষণ ও ক্লাস্টার যৌগ তৈরিতে নিযুক্ত ছিলেন।

প্রফেসর ড. জসীম উদ্দিন আহমদ একই শাখায় S, N, donar লিগ্যান্ডের সাথে অবস্থান্তর ধাতুসমূহের সন্নিবেশ জটিল যৌগ নিরীক্ষণ ও পরিবেশ রসায়নে উল্লেখযোগ্য কাজে নিয়োজিত। তাঁর গবেষণা পরিবেশ নমুনাতে বিষাক্ত ধাতুসমূহের বিশ্লেষণ বিশেষ করে Pb, As সনাক্তকরণ ও সতর্ককরণ কাজ ছাড়াও Industrial Pollution, Biomonitiong of heavy metals, Enviromental impacts on the Suunderbans, Acid rain এসব গবেষণা বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁর তত্ত্বাধানের বেশ কয়েকজন ছাত্র এমএসসি, এমফিল ও পিএইচডি ডিগ্রী করেছেন।

প্রফেসর ড. মোঃ মনজুরুল করিম Organometallics ও Cluster Chemistry তে উল্লেখযোগ্য কাজ করছেন। প্রফেসর ড. মোঃ নূরুল আবছার Liquid crystal গবেষণায় এ বিভাগে পথিকৃত। তাঁর তত্ত্বাবধানে একাধিক ছাত্র এমএসসি/এমফিল ও পিএইচডি ডিগ্রী করেছেন। Microwave-aided synthesis এ গ্রুপে বেশ সাফল্য বয়ে আনছে। প্রফেসর ড. মোঃ নূরুল আবছার জৈব শাখার প্রফেসর ড. মোঃ ইলিয়াস মোল্লার সাথে যৌথভাবে Liquid crystal এবং Photovoltaic Material নিয়ে কাজ করছেন।

অজৈব শাখায় আরও যারা নিয়মিত গবেষণায় নিয়োজিত আছেন তাঁদের মাঝে প্রফেসর ড. এস এম তারেক আবেদীন, প্রফেসর ড. মোঃ কামাল হোসেন, ড. সুবাস রাজবংশী এবং বিশেষত প্রফেসর ড. শিশির ঘোষ অন্যতম। প্রফেসর ড. শিশির ঘোষ এর গবেষণা প্রকাশনার সংখ্যা ১২৮ এর অধিক। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন সময় থেকে প্রকাশিত মোট গবেষণাপত্রের মধ্যে প্রায় এক-তৃতীয়াংশ প্রকাশনায় অবদান রাখার জন্য ২০২২ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সেরা পাঁচ গবেষকদের অন্তর্ভূক্ত হন। তাঁর গবেষণার বিষয়বস্তু Organometallic Cluster Catalyst এবং Photoluminiscent Compounds। সম্প্রতি অজৈব শাখায় জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন প্রভাষক হিসেবে বিভাগে যোগদান করেছেন এবং Organometallic রসায়নে গবেষণারত।

জৈব শাখায় প্রফেসর ড. মেজবাহউদ্দিন আহমেদ এর নেতৃত্বে এ শাখায় প্রাকৃতিক উৎপাদ রসায়ন ও সাংশ্লেষিক রসায়নের কাজ যুগপতভাবে সূচিত হয়। বেশ কিছু উল্লেখযোগ্য ঔষধি গাছ যেমন অর্জুন, লালভেরেন্ডা, ধুতরা, ঘোষলতা প্রভৃতি হতে

সক্রিয় উপাদান (active principle) আহরণ ও গাঠনিক সংকেত প্রদান করা হয়। জৈব সংশ্লেষণের ক্ষেত্রে, (i) Lewis acid catalyzed Michael condensation reaction (ii) Condensation reaction of aromatic diazonium salt (iii) addition of aromatic amines to conjugate dienes using thalium acetate (iv) wood plastics, composite of rubber and jute etc. উল্লেখযোগ্য।

প্রফেসর ড. মেজবাহউদ্দিন আহমেদ এর সহযোগী গবেষক ছিলেন প্রফেসর ড. মোঃ আবুল হাশেম, প্রফেসর ড. মোঃ আব্দুল হাই ও প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম।

প্রফেসর ড. মোঃ আবুল হাশেম মূলত জৈব সংশ্লেষণের উপর কাজ করেন। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে :

(i) Synthesis of small ring compounds (ii) Retro hetero Diels Alder reaction (iii) Enantioselective synthesis using chiral catalyst (iv) Isolation of essential oils, alkaloids and sterols.

প্রফেসর ড. মোঃ আব্দুল হাই প্রাকৃতিক উৎপাদ রসায়ন নিয়ে কাজ করেন। এ দেশের ঔষধি উদ্ভিদ নিয়ে তিনি বেশ যৌগ আহরণ করে সনাক্ত করেছেন - এদের মধ্যে উপক্ষার, ফ্লাভোনয়েড উল্লেখযোগ্য।

প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম এর গবেষণা ক্ষেত্র বেশ বিস্তৃত। তিনি প্রফেসর মেজবাহউদ্দিন আহমেদ এর সাথে যৌথভাবে কিছু Natural products নিয়ে কাজ করলেও পরবর্তীতে বায়োঅ্যাকটিভ জৈব যৌগ সংশ্লেষণে মনোনিবেশ করেন।

প্রফেসর ড. মোঃ ইলিয়াস মোল্লার গবেষণার বিষয় মূলত জৈব যৌগ সংশ্লেষণ। প্রতিস্থাপিত থায়োসেমিকার্বজাইডের সাথে কার্বনডাইসালফাইডের বিক্রিয়াসহ তরল কেলাস নিয়ে প্রফেসর মোল্লা কাজ করছেন। পাটের উপরও তিনি বেশ কিছু গবেষণা যৌথভাবে করেছেন। প্রফেসর ড. খুরশিদা খায়ের ও প্রফেসর ড. তাহমিনা হক এর গবেষণার বিষয়বস্তু কম্পিউটেশনাল রসায়ন এর সাহায্যে π-কনজুগেটেড জৈব যৌগের তাত্ত্বিক বিশ্লেষণ। প্রফেসর ড. কৌশিক সাহা এবং প্রফেসর ড. মোঃ আতাউর রহমান প্রাকৃতিক উৎপাদ রসায়নে মূলত তাঁদের গবেষণাকর্ম পরিচালনা করছেন। ঔষধি উদ্ভিদ হতে যৌগ আহরণ ও সংশ্লেষণ রসায়নে গাঠনিক সংকেত প্রদান গবেষণার মূখ্য উদ্দেশ্য। প্রফেসর ড. মোহাম্মদ মামুন হোসেন মাইক্রোওয়েভকে কাজে লাগিয়ে অতি সহজে N/O/S সম্বলিত বিষমচক্রিক যৌগ সংশ্লেষণে গবেষণা করছেন। প্রফেসর ড. মোঃ আওলাদ হোসেন ড্রাগ সংশ্লেষণ এবং মেডিসিনাল রসায়ন নিয়ে কাজ করছেন। প্রফেসর ড. নাছরিন জুয়েনা জৈব যৌগ সংশ্লেষণে সুপার ক্রিটিক্যাল ফ্লুইডের ব্যবহার ও প্রভাব নিয়ে গবেষণা করছেন। সম্প্রতি জৈব শাখায় ড. উম্মে আয়মান লিজা ও জনাব মোঃ ফরিদ উদ্দিন প্রভাষক হিসেবে বিভাগে যোগদান করেছেন।

রসায়ন বিভাগে পরিচালিত গবেষণার বিষয় ও তার আয়তন দেখে অতি সহজে ধারণা করা যাবে যে এদেশের বিবিধ সমস্যা সমাধানে প্রায়োগিক গবেষণার ওপর গুরুত্ব দেয়া হয়েছে। সুষমা সার ও সফি ফিল্টার বাণিজ্যিক ভিত্তিতে উদপাদিত হয়ে বাজারজাত করা হয়েছে। অ্যান্টিক্যান্সার ড্রাগ তৈরি, ড্রাগ-সারফ্যাকট্যান্ট ও ড্রাগ ডেলিভারী টেকনিক চিকিৎসা বিজ্ঞানে অবদান রাখবে। খাদ্য শিকলে যাতে বিষাক্ত ধাতুগুলো প্রবেশ করতে না পারে, পানি ও খাদ্যদ্রব্যে আর্সেনিকের অনুমোদিত মাত্রা নির্ধারণসহ জনগণের স্বাস্থ্য সচেতনতা সৃষ্টিতে, স্বাস্থ্য সম্মত পরিবেশ সৃষ্টিতে গবেষণার ফলাফল মাইলফলক হিসেবে কাজ করবে। ক্লাস্টার যৌগের জ্ঞান একদিকে যেমন তাত্ত্বিকজ্ঞানকে শানিত করে তেমনি এর গুণাগুণ নিরীক্ষণ অনুঘটক হিসেবে কার্যকারিতায় নতুন মাত্রা সৃষ্টি করবে। এ বিভাগের গবেষণা কর্ম জাতীয় ও আন্তর্জাতিক জার্ণালে নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে যার সংখ্যা এক হাজারের ওপর। এ বিভাগের গবেষণা কর্মের ফলাফল কেমিক্যাল কংগ্রেস, সেমিনার, সিম্পোজিয়ামে সগৌরবে উপস্থাপিত হয়ে সবার দৃষ্টি আকর্ষণ করছে।

প্রফেসর ড. আবদুল আওয়াল ছিলেন একজন নিবেদিত প্রাণ শিক্ষক ও গবেষক। তিনি রসায়ন বিভাগের সভাপতি এবং গাণিতিক ও পদার্থবিজ্ঞান বিষয়ক অনুষদের ডীন ছিলেন। ১৯৯৭ সালে Fellow of Royal Society of Chemistry নির্বাচিত হন এবং Chartered Chemist এর উপাধি ব্যবহারের অনুমতি পান। ৯ এপ্রিল ২০০৩ সালে তিনি কানাডায় পরলোক গমন করেন।

গত পঞ্চাশ বছরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ থেকে ২২০০ জনকে স্নাতক (সম্মান), ২০০০ জনকে স্নাতকোত্তর, ৫২ জনকে এমফিল ও ১০৪ জনকে পিএইচডি ডিগ্রী প্রদান করা হয়েছে। এ বিভাগের শিক্ষার্থীরা দেশে বিদেশে আমাদের গৌরবের ঝান্ডা বহন করছেন। রসায়নের বেষ্টনী ছেড়েও বিসিএস শিক্ষা, প্রশাসন, পুলিশ প্রভৃতি ক্ষেত্রে তাঁরা স্বমহিমায় উদ্ভাসিত।

এই বিভাগ থেকে এবং এ বিভাগের বহুসংখ্যক শিক্ষার্থী উল্লেখযোগ্য কৃতিত্বের সাথে বিদেশে পিএইচডি সম্পন্ন করেছেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়নই বোধহয় বাংলাদেশে বিশ্ববিদ্যালয়গুলোর মধ্য একমাত্র বিভাগ যেখান থেকে কোন বিদেশী ছাত্র বিজ্ঞান বিষয়ে পিএইচডি করেছেন। এ বিভাগ থেকে কোন ছাত্র বিদেশে পিএইচডি করতে গিয়ে বিফল হয়েছেন শুনিনি। এই প্রসঙ্গে একটি ঘটনা উল্লেখ করা যায়। বছর দশেক আগে এখানকার এক ছাত্র জৈব ধাতব রসায়নে এমএসসি এবং এমফিল করে রাশিয়ায় যান পিএইচডি করতে। রাশিয়ান সুপারভাইজার ছাত্রের এমএসসি এবং এমফিল থিসিস দেখে বলেছিলেন তুমি এখানে পিএইচডি প্রোগ্রামে এর চেয়ে কম বৈ বেশী কিছু করবে না। বলা বাহুল্য সেই ছাত্র নির্ধারিত সময়ের আগেই পিএইচডি করেছিলেন।

প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ এর তত্ত্বাবধানে জৈব রসায়নে পিএইচডি করেন ড. মোবারক আহমদ খান। পরবর্তীতে ড. খান বাংলাদেশ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক হয়েছিলেন এবং বাংলাদেশ একাডেমি অব সায়েন্স স্বর্ণপদক লাভ করেন। ঢেউ টিনের বিকল্প জুট থেকে জুটিন উদ্ভাবন তার উল্লেখযোগ্য আবিষ্কার করেছিলেন।

প্রফেসর ড. শরীফ এনামুল কবির এর তত্ত্বাবধানে বায়োডিগ্রেডেবল পলিমার নিয়ে গবেষণা করেন প্রফেসর এস এম ওয়াহিদুজ্জামান। ভাতের মাড়, আলু ও এরারুটের সাথে ইউরিয়া মিশিয়ে মাটিতে সহজে মিশ্রনীয় পরিবেশবান্ধব পলিমার উদ্ভাবন করেন যা মাটিতে মিশে Slow degradation fertilizer হিসেবে কাজ করতে পারে। নিউক্লিয় বিকিরণের সাহায্যে পলিমারের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করা হয়। এ গবেষণায় কো-সুপারভাইজার ছিলেন ড. মোবারক আহমদ খান। পরবর্তীতে প্রফেসর ড. হারুন-অর-রশিদ পাটের পরিত্যাক্ত অংশ থেকে এ জাতীয় পলিমার উদ্ভাবন করেন। প্রফেসর ওয়াহিদুজ্জামান কলেজ পর্যায়ে শিক্ষার সুবিধার্থে বাংলায় সহজ সরল সাবলীল ভাষায় স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের রসায়নের একাধিক পাঠ্যপুস্তক প্রণয়ন করেন। তিনি শিক্ষা প্রশাসনের সর্বোচ্চ পদ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে নিয়োজিত ছিলেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রসায়নের ছাত্র ড. সুভাষ চন্দ্র বসু ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে এবং ড. রেজাউল করিম ও প্রফেসর ড. মোঃ আব্দুর রশিদ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। পরবর্তীতে সুভাষ এবং রেজাউল আমেরিকা প্রবাসী হন।

প্রফেসর ড. কালিপদ কুন্ডু এবং প্রফেসর ড. রবিউল ইসলাম বাংলায় একাধিক রসায়ন বিষয়ক পাঠ্যপুস্তক রচনা করেছেন। বিভাগের এ দীর্ঘ পথ পরিক্রমায় আমরা অনেক শিক্ষকদের হারিয়েছি। প্রফেসর কালিপদ কুণ্ডু ১২/০৮/২০১৫ তারিখে মৃত্যুবরন করেন আর প্রফেসর রবিউল ইসলাম বর্তমানে অবসর জীবন যাপন করছেন। গত ১০/০৬/২০১৬ তারিখে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ। করোনাকালীন সময়ে অকস্মাৎ ১৪/০৯/২০২০ তারিখে মৃত্যুবরন করেন প্রফেসর ড. মোঃ মনজুরুল করিম এবং পরবর্তীতে সকলের প্রিয় প্রফেসর ড. কাজী আলী আজম ২১/০১/২০২২ তারিখে পরলোক গমন করেন। প্রফেসর ড. আলাউদ্দিন আহমেদ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ ছেড়ে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করেন এবং মন্ত্রীর পদমর্যাদায় মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা নিয়োজিত হন। দীর্ঘদিন অসুস্থ থাকার পর ১৩/১২/২০২২ তারিখে মৃত্যুমুখে পতিত হন। মহান সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা তিনি যেন সবাইকে শান্তিতে রাখেন।

অ্যালামনাইদের কাছে আবেদন রসায়ন বিভাগের ঐতিহ্য বজায় রাখার জন্য আপনারা সচেষ্ট থাকবেন এবং মাঝেমধ্যে এমন পুনর্মিলনীর আয়োজন করবেন। সবার মধ্যে হৃদ্যতা, ঘনিষ্ঠতা বৃদ্ধি পাবে, সাথে সাথে এও মনে হবে আপনার প্রাণের বিভাগ এগিয়ে চলেছে সামনের দিকে।

গঠনতন্ত্র

অ্যালামনাই এসোসিয়েশন, রসায়ন বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নাম ঃ "রসায়ন বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়"।

প্রধান কার্যালয় ঃ এসোসিয়েশনের প্রধান কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে অবস্থিত হবে"।

সংগঠন ঃ সম্পূর্ণ অরাজনৈতিক প্রতিষ্ঠান হিসেবে রসায়ন বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২০০৫ সালে গঠন করা হলো।

উদ্দেশ্য ঃ এসোসিয়েশনের উদ্দেশ্য হবে নিম্নরূপ ঃ

(ক) রসায়ন বিভাগের শিক্ষক ও প্রাক্তন শিক্ষক এবং ছাত্র/ছাত্রীদের মধ্যে নিবিড় ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে পারস্পারিক লব্ধ অভিজ্ঞতা দিয়ে জনহিতকর, সেবামূলক ও শিক্ষা সম্পর্কীয় যে কোন উদ্যোগ সমর্থন করা। এ লক্ষ্যে বিভাগীয় সেমিনার, সিম্পোজিয়াম ও অন্যান্য কার্যক্রম বহির্ভূত শিক্ষামূলক কর্মসূচীতে আর্থিক ও প্রয়োজনীয় অন্যান্য সহায়তা প্রদান করা।

(খ) সদস্যগণ যে সকল সংস্থা/দপ্তরে কর্মরত আছেন সে সকল সংস্থা/দপ্তরের সাথে এসোসিয়েশনের সম্পর্ক স্থাপন এবং তা সুসংগত করা।

(গ) গবেষণা ও অন্যান্য বিষয় ভিত্তিক প্রকল্পসহ রসায়ন বিভাগের যে কোন প্রস্তাব সক্রিয় বিবেচনা ও বাস্তবায়ন করা।

(ঘ) মেধাবী ও প্রতিশ্রুতিশীল ছাত্র/ছাত্রীকে রসায়ন বিষয়ে উচ্চতর শিক্ষা লাভে সহায়তা প্রদানে তহবিল সংগ্রহ করা।

(ঙ) রসায়ন সম্পর্কীয় বিশ্ববিদ্যালয়, জাতীয়, আন্তর্জাতিক যে কোন নীতি নির্ধারণে প্রস্তাব, পরামর্শ ও সুপারিশের মাধ্যমে অবদান রাখা।

(চ) রসায়ন বিভাগের সহযোগিতায় অথবা স্বতন্ত্রভাবে রসায়ন বিষয়ক গ্রন্থাগার স্থাপন, পত্রিকা প্রকাশ এবং অন্যান্য সৃষ্টিশীল কর্মকান্ডে সক্রিয় অংশ গ্রহণ করা।

(ছ) সদস্যগণের জন্য উপযুক্ত কর্মসংস্থানে সহায়তার চেষ্টা করা।

(জ) সদস্যদের মধ্যে সাহিত্য, ক্রীড়া ও অন্যান্য সৃজনশীল সাংস্কৃতিক ক্রিয়াকর্ম প্রসারিত করা।

(ঝ) সামাজিক ও স্বেচ্ছামূলক সেবা প্রদানের মাধ্যমে জাতীয় স্বার্থ সমুন্নত রাখা।

(ঞ) এ গঠনতন্ত্রে সুস্পষ্ঠভাবে উল্লেখ করা হয়নি, কিন্তু সদস্যদের বৃহত্তর স্বার্থে এসোসিয়েশনের লক্ষ্য ও উদ্দেশ্যকে প্রসার করতে সহায়ক বলে বিবেচিত অন্য যে কোন বিধি সম্মত কার্যক্রম গ্রহণ করা।

গঠনতন্ত্রের সংশ্লিষ্ট বিধিসমূহ ঃ

বিধি-১ ঃ এ বিধিসমূহে উল্লিখিত অন্যান্য বিষয় ও প্রসঙ্গের সাথে অসঙ্গতিপূর্ণ না হলে -

(ক) 'এসোসিয়েশন' বলতে "রসায়ন বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়" বুঝাবে এবং গণ্য হবে।

(খ) 'কমিটি' বলতে সংশ্লিষ্ট বিধির আওতায় এসোসিয়েশনের সদস্যদের দ্বারা পদ্ধতিগতভাবে নির্বাচিত এসোসিয়েশনের নির্বাহী কমিটিকে বুঝাবে।

(গ) 'সদস্য' বলতে এসোসিয়েশনের সদস্যদের বুঝাবে।

